

96তম ওয়ার্ল্ড এসপেরান্তো কংগ্রেস-এর উদ্দেশ্যে ইউনেসকোর ডিরেক্টর
জেনারেল আইরিনা বোকোভার বার্তা

কোপেনহাগেন, 23 জুলাই, 2011

96তম ওয়ার্ল্ড এসপেরান্তো কংগ্রেস-এ যাঁরা অংশগ্রহণ করছেন আমি আনন্দের সঙ্গে তাঁদের সকলকে অভিনন্দন জানাই।

জাতিসংঘের আন্তর্জাতিক যুববর্ষের জন্য মনোনীত সাম্প্রতিক চিন্তনবিষয় ডায়ালগ এ্যান্ড মিউচুয়াল আন্ডারস্ট্যান্ডিং-এর (আলাপ-আলোচনা ও পারস্পরিক বোঝাপড়া) প্রতি সকলের মনোযোগ আকর্ষণের মাধ্যমে আপনারা শান্তি, মুক্তি, প্রগতি ও সংহতির প্রয়াসে সহায়তার অবদান রেখেছেন। শান্তি-মুক্তি-প্রগতি-সংহতির ভাবনা ও প্রয়াসই তরুণপ্রজন্মের সামর্থ্যের তথা সহস্রাব্দের অগ্রগতির লক্ষ্যপূরণের আবশ্যিক শর্ত।

ইউনেসকোর প্রতিটি সদস্য রাষ্ট্রই এইসকল মহান লক্ষ্যপূরণের শরিক। আমাদের সংবিধানের বয়ান অনুসারে এরা সকলেই জনগণের মধ্যে আলাপ-আলোচনার প্রক্রিয়াকে উন্নত ও প্রসারিত করতে, পারস্পরিক বোঝাপড়ার উদ্দেশ্যে এই প্রক্রিয়াকে কাজে লাগাতে, এবং তার মাধ্যমে পরস্পরের জীবনযাত্রা সম্বন্ধে আরও যথামত, আরও পূর্ণাঙ্গ জ্ঞান অর্জন করতে অঙ্গীকারবদ্ধ।

মানবিক অস্তিত্বের অন্যতম নিজস্ব বৈশিষ্ট্য ভাষা - যা মানুষের মর্মেচ্ছাস, মতামত, ও মূল্যবোধের এক পরিপূর্ণ আধার। ভাষাই ভিন্ন ভিন্ন মানুষের মধ্যে, মনুষ্যসমাজের মধ্যে, প্রজন্মের মধ্যে কথোপকথনের, সহনশীলতা, উপলব্ধি, ও সম্বন্ধ বিনিময়ের অপরিহার্য মাধ্যম।

এসপেরান্তো আন্দোলন তার একশ বছর আগের সূচনা মুহূর্ত থেকেই একনিষ্ঠভাবে পৃথিবীর সকল ভাষা, সংস্কৃতি ও মানুষের সাম্যের পক্ষে সওয়াল করে চলেছে। একইভাবে ইউনেসকোও বিশ্বাস করে যে যে বিস্ময়কর বৈচিত্র্য মানবজাতির বৈশিষ্ট্য তাকে, বিশেষত ক্রমপ্রসারমাণ বিশ্বায়নের বর্তমান সময়ে, অক্ষুণ্ন রাখার লক্ষ্যে বহুভাষিকতার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অধিকন্তু, ব্যক্তির আত্মপরিচিতির জরুরি অঙ্গ বলেও বহুভাষিকতা শান্তি ও স্থিতিশীল প্রগতির পথের নিপুণ উপকরণ হিসেবে ব্যাপক স্বীকৃতি লাভ করেছে।

ইউনেসকো সেইহেতু এসপেরান্তোভাষীদের পৃথিবীব্যাপী বহু দশকের এই বিপুল প্রয়াসকে প্রভূত সাধুবাদ জানাচ্ছে। ভাষিক বৈচিত্র্যকে বাঁচিয়ে রাখার ও পারস্পরিক বোঝাপড়াকে সমৃদ্ধতর করে তোলার জন্য প্রস্তুত প্রতিরোধপ্রকল্পে 96তম ওয়ার্ল্ড এসপেরান্তো কংগ্রেসের অবদান অসামান্য।

বিশ্ব এসপেরান্তো সংস্থা এবং এই 96তম ওয়ার্ল্ড কংগ্রেসের প্রত্যেক অংশগ্রহণকারীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাই – আপনাদের আলাপ-আলোচনা-বিতর্ক সাফল্য ও অনুপ্রেরণার উৎস হোক।

Irina Bokova

Tradukita de [Mina Dan](#)

[Message from Irina Bokova, Director-General of UNESCO, on the occasion of the 96th World Esperanto Congress, Copenhagen, 23 July 2011](#)